

খাতওয়ারী আগস্ট ২০২১ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড আগস্ট ২০২১ মাসে সর্বমোট ৩০৫ কোটি ২০ লক্ষ ৪ হাজার টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** আগস্ট ২০২১ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৮ কোটি ৮৫ লক্ষ ৮৯ হাজার ১০০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্থিং হাউজার/ ওয়্যার রোপ	১,৫৮০ মিটার	১৯,০৪,০০০/০০
২।	লোহা	৬০ কেজি	১,৮০০/০০
৩।	ডিজেল	২,৬৪০ লিটার	১,৫৭,২০০/০০
৪।	জেলি পুশকৃত চিংড়ি	৫৫০ কেজি	৪,৪০,০০০/০০
৫।	মোবাইল	০১টি	-
৬।	বোট/ট্রাক	০৫টি	১৫,০০,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৫টি	-
২।	তাজা গোলা	০৩টি	-
৩।	ব্র্যাংক কাটিজ	০২ রাউন্ডস	-
৪।	রামদা/ছুড়ি/দা	২১টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৬,২৩,০৮,৯০০ মিটার	২১৮,০৮,১১,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	৮,২৭৭টি	৫৯,৪৩,৯৯,০০০/০০
৩।	অন্যান্য জাল	২৯,৯৪,৫৩৬ মিটার	১৮,৬৬,৬৬,৪০০/০০
৪।	জাটকা	২০ কেজি	৩,০০০/০০
৫।	রেনু পোনা	৬,৪০,৩০০ পিস	১৫,২০,০০০/০০
৬।	বোট	০১টি	১৫,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	২,৮১,০২৭ পিস	৮,৪৩,৩৪,১০০/০০
২।	বিভিন্ন প্রকার মদ	৭২ বোতল/ক্যান	৩৬,০০০/০০
৩।	গাঁজা	২.৬ কেজি	৫২,০০০/০০
৪।	দেশীয় মদ	৭০ লিটার	৩৫,০০০/০০
৫।	মোবাইল	০৩টি	৯,০০০/০০
৬।	মোটরসাইকেল/অটোরিক্সা	০২টি	১,০০,০০০/০০
পরিবেশ রক্ষা			
১।	হরিণের চামড়া	০৩টি	-
২।	হরিণের মাংস	১০ কেজি	-
৩।	বোট	০১ টি	২০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৩ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/ মাঝি	২১ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	১৩ টি	-
৩।	বোট	০১টি	-
সর্বমোট			৩০৫,২০,০৪,০০০/০০

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে আগস্ট ২০২১ মাসে সর্বমোট ২৯৬ কোটি ৩৪ লক্ষ ১৪ হাজার ৯০০ টাকার ৬,২৩,০৮,৯০০ মিটার কারেন্ট জাল, ২৯,৯৪,৫৩৬ মিটার অন্যান্য জাল, ৮,২৭৭টি বেহন্দি/মশারি জাল, ২০ কেজি জাটকা, ৬,৪০,৩০০ পিস রেনু পোনা ও ০১টি বোট আটক করা হয়।

ডাকাত বিরোধী বিশেষ অভিযান।

(ক) গত ০৪ আগস্ট ২০২১ বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক হাতিয়া উপজেলার নিঝুম দ্বীপ ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের ডুবাইর খাল সংলগ্ন মদিনা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ০১ জন ডাকাতসহ ০১ টি একনলা দেশীয় তৈরি বন্দুক, ০৩ রাউন্ড তাজা গোলা, ০৩ টি পাইরোটেকনিক, ০২ টি রামদা, ০২ টি কাঠের হাতলযুক্ত দা এবং ০১টি মোবাইল সেট আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ০১ জন ডাকাত এবং জন্দকৃত অস্ত্র ও অন্যান্য মালামাল হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

(খ) গত ১৮ আগস্ট ২০২১ তারিখে বিসিজি বেইস ভোলা, বিসিজি স্টেশন বরিশাল ও বিসিজিএস বগুড়া কর্তৃক ভোলা জেলার বোরহানউদ্দিন থানার তেঁতুলিয়া নদীর গঙ্গাপুর লঞ্চঘাট এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০১ জন ডাকাতসহ ০৩টি দেশীয় তৈরি পিস্তল, ০৪টি রামদা, ০৫টি কাঠের হাতল যুক্ত দা, ০১টি কুড়াল, ০৬টি টর্চ লাইট, ০১টি বাইনোকুলার, ০৩টি মোবাইল সেট, ০১টি দেশীয় অস্ত্রের ব্যারেল, ০২টি দেশীয় অস্ত্রের পাইপ, ১৯টি অস্ত্রের স্প্রিং, ০১টি ফায়ারিং পিন, ০১টি ড্রিল মেশিন, ০২টি এ্যাডজাস্টেবলস স্পেনার, ০৩টি হাতুরী, ০৩টি কড়াত ও ০২টি ইঞ্জিন চালিত কাঠের বোট আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ০১ জন ডাকাত এবং জন্দকৃত অস্ত্র ও অন্যান্য মালামাল বোরহানউদ্দিন থানায় হস্তান্তর করা হয়।

(গ) গত ২৪ আগস্ট ২০২১ তারিখে বিসিজি বেইস ভোলা কর্তৃক দৌলতখান থানাধীন ভবানীপুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের বটতলা রাস্তার মাথায় মেঘনা নদীর তীরবর্তী এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০১ জন ডাকাতসহ ০১টি দেশীয় তৈরি পিস্তল, ০১টি দেশীয় তৈরি দা, ০১টি কাপ্তে, ০১টি দেশীয় তৈরি চাকু, ০১টি হাতুড়ি ও ০৭ পিস ইয়াবা আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ০১ জন ডাকাত এবং জন্দকৃত অস্ত্র ও অন্যান্য মালামাল দৌলতখান থানায় হস্তান্তর করা হয়।

উদ্ধার অভিযান।

(ক) গত ০৫ আগস্ট ২০২১ তারিখে সদরঘাট পল্টুনে হাটারসময় ০১ জন পানিতে পড়ে ডুবে যায়। তৎক্ষণাত বিসিজি স্টেশন পাগলা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(খ) গত ০৬ আগস্ট ২০২১ তারিখে কেরানীগঞ্জ থানার কামরাঞ্জীর চর এলাকায় এমভি একতা যাত্রীবাহী একটি বোটকে ধাক্কা দিলে ০১ জন যাত্রী পানিতে ডুবে যায়। তৎক্ষণাত বিসিজি স্টেশন পাগলা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(গ) গত ১২ আগস্ট ২০২১ তারিখে বাঁশখালী কয়লা বিদ্যুৎ প্রকল্পের একজন চীনা নাগরিক বাঁশখালী সমুদ্র সৈকত এলাকায় মাছ ধরার সময় নিখোঁজ হয়। তৎক্ষণাত বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে চীনা নাগরিকের মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ বাঁশখালী থানায় স্থানান্তর করা হয়।

(ঘ) গত ১৩ আগস্ট ২০২১ তারিখে পোস্তগোলা ব্রীজ হতে ০১ জন মহিলা নদীতে লাফিয়ে পড়ে। তৎক্ষণাত বিসিজি স্টেশন পাগলা কর্তৃক ফায়ার সার্ভিস ও নৌপুলিশের সাথে যৌথভাবে উদ্ধার অভিযান পরিচালনা করে ১৪ আগস্ট ২০২১ তারিখে মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ পরিবারের জনবলের উপস্থিতিতে নৌপুলিশের নিকট হস্তান্তর করা হয়।

(ঙ) গত ১৪ জুলাই ২০২১ তারিখ ভাসানচর হতে আবধভাবে মালয়েশিয়া গমনকালে ৩৬ জন বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের বহনকারী বোটটি ভাসানচর হতে ১০ কিলোমিটার দক্ষিণে ডুবে যায়। তৎক্ষণাত উক্ত এলাকায় বাংলাদেশ কোস্ট গার্ড এর বিসিজিএস পোর্টেগান্ডে ও বিসিজিএস অপরায়েজ বাংলা এবং বিসিজি কন্টিনজেন্ট ভাসানচর, বিসিজি আউটপোস্ট সারিকাইত, বিসিজি স্টেশন সন্দ্বীপ, বিসিজি স্টেশন ভাটিয়ারী সার্চ এন্ড রেসকিউ অপারেশন পরিচালনা করে। এছাড়াও বাংলাদেশ নৌবাহিনী ও নৌপুলিশের সাথে যৌথভাবে সার্চ এন্ড রেসকিউ অপারেশন পরিচালনা করে মোট ১৫টি মৃতদেহ (কোস্ট গার্ড ০৭টি, পুলিশ ০৭টি ও বাংলাদেশ নৌবাহিনী ০১টি) উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উদ্ধারকৃত মৃতদেহ ভাসানচর থানায় হস্তান্তর করেন।